

খারাপ ছেলে

নীতা তোমায় পাবো ব'লে
কাকা'র চায়ের ঠেক্ ছেড়েছি,
কারণ ওখানে অনেক নোংরা কথা
রটে
দ্বী-প্রত্যঙ্গের স্থূল আলাপ চলে

.....

লাল চায়ের কাপে।
নীতা আমি সিগারেট ছেড়েছি
তোমার পছন্দ নয় তাই,
ঠোঁটে ফিটকিরি ঘসি রোজ
কালো ছোপ তোলার জন্যে।
নীতা আমি এখন কবিতা পড়ি,
তোমার সংগে কথা ব'লবো ব'লে
মক্-ডায়ালগ আওড়াই।
নীতা, মা খুব খুশি হয়েছেন
কারণ এখন আমি সকাল-সন্ধ্যা
ডিতে থাকি

পাড়ার কেউ আমার নামে আর না
লিখ জানায় না তাই।
বয়স্কদের বলতে শুনেছি -
ছেলেটা এমন বদলে গেলো কেমন
করে?

সেতো তুমি ভালো করেই জানো নীত
!,
তোমায় কাছে পাবো ব'লে

কিন্তু এই তোকে ব'লে রাখছি হতচ্ছাড়া,
তোকে যদি না পাই তবে আমি সবার চে
াখের ঘুম কেড়ে নেবো
আমি আগের চেয়ে অনেক, অনেক বেশী
খারাপ হবো!

মণিশংকর মণ্ডল

